

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ৯, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং
মহানগর সিনিয়র স্পেশাল জজ, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তপশিলে উল্লিখিত মামলার আসামিদের বিরুদ্ধে পরোয়ানা ইস্যু হয় কিন্তু তাহাদের না পাওয়ায় উহা জারি করা সম্ভব হয় নাই এবং যেহেতু ১৯৯৮ সালের ফৌজদারি কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামিদের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, এই আদালতে বিচারার্থে উক্ত আসামিগণ গ্রেপ্তার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামিদেরকে শীঘ্রই গ্রেপ্তার করিবার আশু কোনো সম্ভাবনা নাই সেহেতু ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১ক) ধারার বিধানমতে নিম্ন তপশিলে বর্ণিত আসামিগণের নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে অত্র আদালতে হাজির হইবেন। অন্যথায় তাহাদের অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

(২৪৬১)

মূল্য: টাকা ৪.০০

তপশিল

ক্রমিক নং	মামলা নং	আসামির নাম/ঠিকানা	ধারা	পরবর্তী তারিখ
১।	স্পেশাল মামলা নং- ৪৯/১৯, সূত্র- দুদক সজেকা, চট্টগ্রাম এর মামলা নং- ২১(৮)১৯, এ. সিসি জি. আর নং- ৩৯/১৯	১। মোঃ জাকির হোসেন (দলিল গ্রহিতা), পিতা- মরহুম হাজী জেবল হোসেন, মরহুমা হোছনেয়ারা চৌধুরী, বর্তমান+স্থায়ী ঠিকানা: সালাম সাহেবের বাড়ী, মুছরীপাড়া, আখাবাদ, পো- পাঠানটুলী-৪১০০, থানা- ডবলমুরিং, চট্টগ্রাম। ২। মোঃ আতাউল করিম উসমানী সোহেল (দলিলের সাক্ষী), পিতা- মৃত সামসুল আলম, আল মাদানী রোড, পো- চান্দগাঁও, থানা- পাঁচলাইশ, চট্টগ্রাম। ৩। জনাব মোঃ হুমায়ুন কবির, ব্যবস্থাপনা পরিচালক, আরবান আমেরিকান ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড, পিতা- মোস্তাফিজুর রহমান, মাতা- রোকেয়া বেগম, ঠিকানা- এমএম টাওয়ার, ১১০৫ (৮ম তলা), জিইসি মোড়, পূর্ব নাসিরাবাদ, পো- মেডিকেল, থানা- পাঁচলাইশ, জেলা- চট্টগ্রাম। ৪। মোহাম্মদ আলমগীর শামীম, পরিচালক, আরবান আমেরিকান ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড, পিতা- মৃত জয়নাল আবেদীন, বাসা নং-০১, রোড নং-০২, লেইন নং-১৩, ব্লক নং-বি, হালিশহর হাউজিং এস্টেট, চট্টগ্রাম। ৫। মোঃ আলমগীর হোসেন, পিতা- মৃত লোকমান হোসেন, ঠিকানা- ১৯০৯, মেহের মনিজল, উমর আলী মাতব্বর রোড, পূর্ব ষোলশহর, থানা- চান্দগাঁও, জেলা- চট্টগ্রাম।	ধারা-দণ্ডবিধির ৪০৯/৪২০/ ৪৬৭/১০৯ এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।	০৭-০২-২১ খ্রিঃ

শেখ আশফাকুর রহমান
মহানগর দায়রা জজ এবং
মহানগর সিনিয়র স্পেশাল জজ, চট্টগ্রাম।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রাশালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.